

📃 আল-আনকাবৃত | Al-Ankabut | ٱلْعَنْكَبُوت

আয়াতঃ ২৯ : ৬১

💵 আরবি মূল আয়াত:

وَ لَئِن سَالتَهُم مَّن خَلَقَ السَّمُوتِ وَ الأرضَ وَ سَخَّرَ الشَّمسَ وَ القَمَرَ لَيُقُولُنَّ اللهُ فَانَّى يُؤْفَكُونَ ﴿٢٩﴾ لَيَقُولُنَّ اللهُ فَانَّى يُؤْفَكُونَ ﴿٤٩﴾

আর যদি তুমি তাদেরকে প্রশ্ন কর, 'কে আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন এবং চাঁদ ও সূর্যকে নিয়োজিত করেছেন'? তারা অবশ্যই বলবে, 'আল্লাহ'। তাহলে কোথায় তাদের ফিরানো হচ্ছে ? — আল-বায়ান তুমি যদি তাদেরকে জিজ্ঞেস কর- কে আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন, আর সূর্য ও চন্দ্রকে নিয়ন্ত্রণ করেছেন? তারা অবশ্য অবশ্যই বলবে- আল্লাহ। তাহলে তারা কোথায় ঘুরে বেড়াচ্ছে? — তাইসিরুল যদি তুমি তাদেরকে জিজ্ঞেস করঃ কে আকাশমন্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন এবং চাঁদ-সূর্যকে নিয়ন্ত্রণ করছেন? তারা অবশ্যই বলবেঃ আল্লাহ! তাহলে তারা কোথায় ফিরে যাচ্ছে? — মুজিবুর রহমান

If you asked them, "Who created the heavens and earth and subjected the sun and the moon?" they would surely say, "Allah." Then how are they deluded? - Sahih International

৬১. আর যদি আপনি তাদেরকে জিজ্ঞেস করেন, কে আসমানসমূহ ও যমীনকে সৃষ্টি করেছেন এবং চন্দ্র-সূর্যকে নিয়ন্ত্রিত করেছেন? তারা অবশ্যই বলবে, আল্লাহ। তাহলে কোথায় তাদের ফিরানো হচ্ছে!

তাফসীরে জাকারিয়া

- (৬১) যদি তুমি ওদেরকে জিজ্ঞাসা কর, 'কে আকাশমন্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছেন এবং চন্দ্র-সূর্যকে নিয়ন্ত্রিত করেছেন?' ওরা অবশ্যই বলবে, 'আল্লাহ।[1] তাহলে ওরা কোথায় ফিরে যাচ্ছে?'[2]
 - [1] অর্থাৎ, ঐ সকল মুশরিকরা, যারা শুধু তাওহীদের কারণে মুসলিমগণকে কষ্ট দেয়, তাদেরকে যদি জিজ্ঞাসা করা হয় যে, আকাশ ও পৃথিবী কে সৃষ্টি করেছে এবং চাঁদ ও সূর্যকে নিজ নিজ কক্ষপথে কে পরিচালনা করে? তবে ঐ স্থানে তাদের এ কথা স্বীকার করা ছাড়া কোন উপায় থাকবে না যে, এ সবের পরিচালক একমাত্র আল্লাহ তাআলা।





[2] অর্থাৎ, প্রমাণ ও স্বীকারোক্তির পরেও সত্য-বিমুখ হওয়া এবং সত্য অস্বীকার করা বড় আশ্চর্যের বিষয়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3401

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন